

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা।
www.jati.gov.bd
নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং ১০.০৬.০০০০.০০১.৬২.০২২.১৯.৪৫৮

তারিখ : ০৯ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ।
২২ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ।

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর নিম্নলিখিত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	শারীরিক প্রশিক্ষক	০১ টি	টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)	ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি
০২	কম্পিউটার অপারেটর	০২ টি	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ শব্দ এবং ইংরেজি টাইপে ৩০ শব্দের গতি এবং সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।
০৩	সাঁটলিপিকার	০১ টি	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বাংলা টাইপে প্রতি মিনিটে ২৫ শব্দ ও শটহ্যান্ডে ৫০ এবং ইংরেজি টাইপে প্রতি মিনিটে ৩০ শব্দ ও শটহ্যান্ডে ৮০ শব্দের গতি।
০৪	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১ টি	টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলা টাইপে প্রতি মিনিটে ২৫ শব্দ ও ইংরেজি টাইপে প্রতি মিনিটে ৩০ শব্দের গতি।
০৫	গাড়ী চালক	০৩ টি	টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	(ক) অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স, হালকা ও ভারী যানবাহন চালনায় বাস্তব অভিজ্ঞতা।

০৬	ক্লাসরুম এটেনডেন্ট	০১টি	টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৭	বুক বাইন্ডার	০১টি	টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৮	বুক সটার	০১টি	টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৯	অফিস সহায়ক	০২টি	টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী :

- নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ করে আগামী ০৯/০৩/২০২২ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি আবেদনপত্র পৌছাতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd)-এর A model form on application of appointment of vacancy post of the Govt. offices শীর্ষক শিরোনাম অথবা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.jati.gov.bd হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম/ উক্ত ডাউনলোডকৃত ফরম ফটোকপি করে ব্যবহার করা যাবে ;
- প্রার্থীর বয়সসীমা ০৯/০৩/২০২২ খ্রিস্টাব্দ তারিখ ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীগণকে নির্ধারিত তারিখের মধ্যে স্থায়ী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে ;
- আবেদনকারীকে মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এবং নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের ০১ সেট ফটোকপি দাখিল করতে হবে ;
- আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ৫০/- টাকা মূল্যমানের পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অনুকূলে দাখিল করতে হবে ;
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না ;
- নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে ;
- অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকরির নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন ;
- নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



শেখ মোঃ মুজাহিদ উল ইসলাম
পরিচালক (প্রশাসন)

ও

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।